

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৩১৩
পানিসাগর, ২০ ডিসেম্বর, ২০২৩

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা
পানিসাগর ব্লকে ৯৫টি পরিবারকে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় চলতি অর্থবছরে পানিসাগর ব্লকে ৯৫টি পরিবারকে প্রাণীপালনে সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় ব্লকের রৌয়া গ্রাম পঞ্চায়েতের ৪০টি, দেওছড়া গ্রাম পঞ্চায়েতের ৩০টি ও রামনগর গ্রাম পঞ্চায়েতের ২৫টি পরিবারকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগী পরিবারগুলিকে ১০টি করে মোরগ ও মোরগ পালনে সহায়ক সামগ্রী দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ২৩ হাজার ৫০০ টাকা। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পানিসাগর কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
